

বাংলা প্রসার কমিটির ‘শিশু-কিশোরদের বাংলার আসর ২০০৭’ অনুষ্ঠিত



গত ২২ জুলাই রবিবার সিডনী’র মেট্রোভিল পাবলিক স্কুল হলে অত্যন্ত সুন্দর ও সফল ভাবে সম্পন্ন হয়েছে বাংলা প্রসার কমিটি কর্তৃক আয়োজিত ‘শিশু-কিশোরদের বাংলা আসর ২০০৭’ শীর্ষক এক সাহিত্য প্রতিযোগিতা। সরকারী হাই স্কুলে বাংলা কোর্সে ভর্তি হয়ে আমাদের প্রিয় মাতৃভাষা শিক্ষায় নতুন প্রজন্মকে উৎসাহিত করার লক্ষে বাংলা প্রসার কমিটির এ আয়োজন। উক্ত প্রতিযোগিতায় বিপুল সংখ্যক দর্শক-শ্রোতার উপস্থিতিতে প্রায় ৬০ জন স্কুল ছাত্র-ছাত্রী হাতের লেখা, আবৃত্তি, গল্প বলা ও বিতর্কে অংশ গ্রহন করে। প্রতিযোগীদের পরিবারের সদস্য ছাড়াও বাংলাভাষা অনুরাগী কমিউনিটির অনেক ব্যক্তিবর্গ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আমন্ত্রিত অতিথিদের মধ্যে ছিলেন Saturday School of Community Languages (SSCL)-এর প্রিন্সিপাল মিস মারজরী এলসমোর, উক্ত স্কুলের ডালউইচ হিল সেন্টারের সুপারভাইজার মিস জেনেল বার্ণ, মেট্রোভিল পাবলিক স্কুলের প্রিন্সিপাল মি সাইমন সিমিউ ও বাংলাদেশ হাই কমিশনের অনারারী কনসাল জেনারেল মি এনথনি খুউরি।

দুপুর ১২ টায় অনুষ্ঠান শুরু হয়ে একটানা বিকেল ৪ টা পর্যন্ত চলে। প্রথমেই উপস্থিত সবাইকে পিতৃসা ও ড্রিংকস পরিবেশন করা হয়। তারপর একে একে বিভিন্ন গ্রুপের বিষয় ভিত্তিক প্রতিযোগিতাসমূহ অনুষ্ঠিত হয়। সকল প্রতিযোগী অত্যন্ত আগ্রহ নিয়ে এতে অংশ গ্রহন করে। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনার দায়িত্ব ছিলেন প্রতিযোগিতা সাব-কমিটি আহ্বায়ক ও বাংলা প্রসার কমিটির ভারপ্রাপ্ত সম্পাদক মি মাসুদ চৌধুরী। বিচারক হিসাবে দায়িত্ব পালন করেন আমন্ত্রিত বিশিষ্ট ব্যক্তিবর্গ।

প্রতিযোগিতা শেষে চূড়ান্ত ফলাফল ও সনদপত্র প্রস্তুতি কালে সংশ্লিষ্ট আলোচনায় বক্তাগণ হাই স্কুল পর্যায়ে বাংলা নিয়ে পড়ার বর্তমান সুযোগ গ্রহন করার জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান। অস্ট্রেলিয়ার সরকারী স্কুলে বাংলা কোর্স ধরে রাখা, বিশেষ করে, NSW শিক্ষা ব্যবস্থায় একটি ভাষা কোর্স হিসাবে বাংলাকে স্থায়ী করার মাধ্যমে HSC-তে ছাত্র-ছাত্রীদেরকে এ ভাষা নিয়ে পরীক্ষা দেওয়ার সুযোগ করে দেওয়ার জন্য শনিবারের হাই স্কুলে বেশী সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি হওয়া অপরিহার্য বলে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মি আব্দুল জলিল, মি নজরুল ইসলাম, মি মোহাম্মদ আলী, মি ফারুক হান্নান, মিস মারজরী এলসমোর, মিস জেনেল বার্ণ, মি সাইমন সিমিউ, মি এনথনি খুউরি এবং ড মাকসুদুল বারী।

সবশেষে বিজয়ীদের মাঝে পুরস্কার, মেডেল ও সনদপত্র বিতরণ করেন SSCL-এর প্রিন্সিপাল মিস মারজরী এলসমোর ও বাংলাদেশ হাই কমিশনের অনারারী কনসাল জেনারেল মি এনথনি খুউরি। বিজয়ী ছাড়াও সকল অংশগ্রহনকারী শিশু-কিশোরদের সান্ত্বনা পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানটির সফল আয়োজনে সহযোগিতা করার জন্য, বিশেষ করে বিজয়ীদের পুরস্কার হিসাবে কোলস-মায়ার গিফট কার্ড প্রদান করায় SSCL ও ইন্সটিটেইটের ব্রাদারস হালাল মিট এন্ড গ্রোসারিজ সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়।

- মাকসুদুল বারী প্রেসিডেন্ট, বাংলা প্রসার কমিটি

বিভিন্ন গ্রুপে বিজয়ীদের তালিকা :

গ্রুপ এ (কে - ২):

ছড়া/কবিতা আবৃত্তি -

- ১ম পুরস্কার - মেহেব রহমান
- ২য় পুরস্কার - সনজিদা ইসলাম
- ৩য় পুরস্কার - তরসা ফেরদৌস

অক্ষরলেখা -

- ১ম পুরস্কার - রায়না রহমান
- ২য় পুরস্কার - তাসফিয়া ইসলাম
- ৩য় পুরস্কার - তরসা ফেরদৌস

গ্রুপ বি১ (শ্রেণী ৩ - ৪):

কবিতা আবৃত্তি -

- ১ম পুরস্কার তাসমিয়া আজিজ
- ২য় পুরস্কার মাহির খান
- ৩য় পুরস্কার আনিকা সারোয়ার

শব্দ লেখা -

- ১ম পুরস্কার আনিকা সারোয়ার
- ২য় পুরস্কার তাসনিম আহসান
- ৩য় পুরস্কার তাসমিয়া আজিজ

গ্রুপ বি২ (শ্রেণী ৫ - ৬):

কবিতা আবৃত্তি -

- ১ম পুরস্কার মাহিমা হক
- ২য় পুরস্কার তানজিম খান
- ৩য় পুরস্কার জাকিব হোসেন

বাক্য লেখা -

- ১ম পুরস্কার তানজিম খান
- ২য় পুরস্কার স্বপ্নিল জলিল
- ৩য় পুরস্কার জাকিব হোসেন

গ্রুপ সি (শ্রেণী ৭ - ৯):

গল্প বলা -

- ১ম পুরস্কার মুসলিমা রহমান
- ২য় পুরস্কার আনিকা আশরাফ
- ৩য় পুরস্কার নাদিয়া মাহমুদ

ছোট রচনা -

- ১ম পুরস্কার সামিহা জলিল
- ২য় পুরস্কার রাবাব হান্নান
- ৩য় পুরস্কার আনিকা আশরাফ

গ্রুপ ডি (শ্রেণী ১০ - ১২):

রচনা -

- ১ম পুরস্কার লুৎফুন নাহার হোসেন
- ২য় পুরস্কার ইতু বকসী

সম্মিলিত গ্রুপ (শ্রেণী ৬ - ৯):

বিতর্ক -

- ১ম পুরস্কার তানজিম খান
- ২য় পুরস্কার আনিকা আশরাফ
- ৩য় পুরস্কার মুনিয়া আলম